ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সহসম্পাদক হলেন গাংনীর মেয়ে তন্দ্রা

মেহেরপুরের গাংনীর মেয়ে মোছা: তানভীর জুবাইদা তন্দ্রা ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সহ সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সভাপতি সনজিত চন্দ্র দাস ও সাধারণ সম্পাদক সাদ্দাম হোসেন তাকে ঢাকা বিশ্ববিদ্যালয় নির্বাহী সংসদের সহসম্পাদক হিসেবে মনোনীত করেন।

মোছা: তানভীর জুবাইদা তন্দ্রা গাংনী পৌর সভার সাবেক মেয়র যুবলীগ নেতা আশরাফুল ইসলামের গাংনী উপজেলা মহিলা যুবলীগের সভাপতি, মেহেরপুর জেলা পরিষদের সংরক্ষিত নারী সদস্য (গাংনী) শাহানা ইসলাম শান্তনার বড় মেয়ে।

ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সভাপতি সনজিত চন্দ্র দাস ও সাধারণ সম্পাদক সাদ্দাম হোসেন বলেন, মুক্তিযুদ্ধের চেতনা ধারণ করে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শকে সমুন্নত রেখে সোনার বাংলা বির্নিমাণে বঙ্গবন্ধু তনয়া শেখ হাসিনার নেতৃত্বে আধুনিক—উন্নত—ডিজিটাল ও অসম্প্রদায়িক বাংলাদেশের অগ্রযাত্রা অবিরত রাখতে আপনার কর্মনিষ্ঠা বাংলাদেশ ছাত্রলীগ, ঢাকা বিশ্ববিদ্যালকে আরও সমৃদ্ধ করবে।

ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সহ সাধারণ সম্পাদক পদে এই প্রথম মেহেরপুর জেলার কোনো ছাত্রী নির্বাচিত হলেন।

জানা গেছে, মোছা: তানভীর জুবাইদা তন্দ্রা গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয় এন্ড কলেজ থেকে গোল্ডেন এবং ঢাকা মাইলস্টোন কলেজ থেকে ইন্টারমিডিয়েট পরীক্ষায় গোল্ডেন জিপিএ—৫ পেয়ে তার লেখাপড়া স্বাক্ষর রাখেন।

মোছা: তানভীর জুবাইদা তন্দ্রা রাজশাহী বিশ্ববিদ্যায়ে ইংরেজি বিভাগে ভর্তি পরীক্ষায় ৩ হাজার পরীক্ষার্থীদের মধ্যে সম্মিলিত মেধা তালিকায় ১৪ তম স্থান দখল করেন। এছাড়া ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষায় সম্মিলিত মেধা তালিকায় ৮০তম এবং ইংরেজি বিভাগে

□□□□ □□□□□ □□□ □□□□□